# ভিগানেলার আয়না!

আনিসুর রহমান



ভিগানেলার আয়নার দাম এক লক্ষ ইউরো! একটু খুলেই বলি - ইটালির উত্তরে একটা ছোট্ট গ্রামের নাম ভিগানেলা। সমুদ্র থেকে ৩০০০ ফুট উঁচুতে গ্রামটির উত্তর এবং দক্ষিণ দিয়ে বয়ে গেছে উঁচু উঁচু পাহাড়ের সারি। কিন্তু ছবির মত গ্রামটির আছে ছায়ার মত একটি সমস্যা! দুই পাহাড়ের মাঝখানে থাকার কারনে শীতকালে সূর্য যখন দক্ষিণ আকাশে ঢলে পড়ে তখন বছরে তিন মাস সূর্যের মুখ দেখতে পায় না গ্রামের লোক। দক্ষিণ পাহাড়ের ছায়ায় ঢাকা পড়ে থাকে পুরো গ্রাম। উত্তর পাহাড় বেয়ে কিছু উপরে উঠলেই ঝকঝকে সূর্যের আলো কিন্তু নিচে - "গ্রামখানি ছায়ায় ঢাকা"। আলোর অভাবে দেয়ালে ছাতলা পড়া আর অসুখ-বিসুখ ছাড়াও নানা ধরনের সমস্যা সৃষ্টি হতো ভিগানেলায়। ৮০০ বছরের পুরানো এই গ্রামের মানুষেরা শতাব্দির পর শতাব্দি ধরে এই সমস্যায় ভুগেছে। অবশেষে গ্রামের নতুন চেয়ারম্যান, পিয়েরফ্রাংকো মিদালী'র মাথায় একটা বুদ্ধি এলো। তিনি উত্তর পাহাড়ের গায়ে যেখানে বারো মাস সূর্যের আলো পড়ে সেখনে ৫ মিটার উঁচু আর ৮ মিটার চওড়া বিশাল একটা আয়না বসিয়ে দিলেন। তবে কাজটা খুব সহজে হয় নি। এর জন্য তাকে ৫ বছর কতৃপক্ষের দ্বারে দ্বারে ধর্না দিতে হয়েছে। সূর্যের আলো আয়নায় প্রতিফলিত হয়ে গ্রামে এসে পড়বে। সূর্যমুখী ফুলের মত আয়নাটিকেও সবসময় সূর্যের দিকে মুখ করে রাখার জন্য ব্যবহার করা হয়েছে কম্পিউটার পরিচালিত প্রযুক্তি। শত শত বছর ধরে গ্রামের মানুষ আয়নায় শুধু নিজের মুখ দেখেছে এখন তারা সূর্যের মুখও দেখতে পায়।




